৫৭

দৈনিক সংবাদ

তারিখ 23 OCT 1995
পৃষ্ঠা ৯ কলাম ৫

# কুমিল্লা বোর্ড ঃ ৫৫ হাজার ৩৮৭ জন পরীক্ষার্থী পাস করতে পারেনি

॥ নূরুর রহমান ॥

কুমিল্লা বোর্ডের এবারের এইচ এস সি পরীক্ষার মেধা তালিকায় বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান বিভাগে ক্যাডেট কলেজগুলো এবং মানবিক বিভাগে চট্টগ্রাম কলেজ বেশি স্থান দখল করে নিয়েছে। বাণিজ্য বিভাগের মেধা তালিকায় এককভাবে কোন কলেজ প্রাধান্য বিস্তার করতে পারেনি। মেয়েদের সম্মিলিত মেধা তালিকায় সবচেয়ে বেশি স্থান দখল করেছে চট্টগ্রাম কলেজের ছাত্রীরা।

বিজ্ঞান বিভাগের মেধা তালিকার ২০টি স্থানের মধ্যে ২৩ জন রয়েছে। এর মধ্যে ক্যাডেট কলেজগুলো ২০টি স্থান দখল করেছে। যুগ্মভাবে স্থান অর্জনকারীদের হিসাব করলে এই সংখ্যা ২৩ জন।

ফৌজদারহাট ক্যাডেট কলেজ প্রথম স্থানটিসহ ৬টি, কুমিল্লা ক্যাডেট কলেজ দ্বিতীয় স্থানসহ ১৩টি এবং সিলেট ক্যাডেট কলেজ ৪টি স্থান পেয়েছে।

মানবিক বিভাগের মেধা তালিকার ২০টি স্থান দখল করেছে ২১ জন। এর মধ্যে চট্টগ্রাম কলেজের পরীক্ষার্থীরা ১২টি স্থান অর্জন করেছে। ক্যাডেট কলেজগুলো পেয়েছে ৩টি স্থান। অবশ্য এই বিভাগের প্রথম স্থানটি অর্জন করেছে সিলেট ক্যাডেট কলেজ। বাণিজ্য বিভাগে ২০টি স্থান অর্জন করেছে ২৪ জন। তবে কোন কলেজেরই একক প্রাধান্য নেই।

মেয়েদের মধ্যে বিজ্ঞান ও কৃষি বিজ্ঞানের মেধা তালিকায় ১০টি স্থান অর্জন করেছে ১১ জন। এর মধ্যে ৫জনই চট্টগ্রাম কলেজের ছাত্রী। মানবিক বিভাগে ১০টি স্থান অর্জন করেছে ১১ জন। ৬টি পেয়েছে চট্টগ্রাম কলেজের ছাত্রীরা। বাণিজ্য বিভাগে ১০টি স্থান অর্জন করেছে ১২ জন। তবে একক প্রাধান্য নেই কোন কলেজের।

## ২৭৪১ জন পরীক্ষা দেয়নি

শেষ পর্যন্ত ২ হাজার ৭শ' ৪১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি।

এবারের এইচ এস সি পরীক্ষা দেয়ার জন্য ফরম ফিলাপ করেছিল ১ লাখ ১৫ হাজার ৩শ' ৭৭ জন। পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ১২ হাজার ৬শ' ৩৬ জন। পরীক্ষায় অংশ না নেয়া মেয়ের সংখ্যা ৪শ' ৪০ জন এবং ছেলের সংখ্যা ২ হাজার ৩শ' ১ জন।

## ফেল করেছে ৫৫,৩৮৭ জন

এবারের কুমিল্লা বোর্ডের এইচ এস সি পরীক্ষায় ৫৫ হাজার ৩শ' ৮৭ জন পরীক্ষার্থী পাস করতে পারেনি।

মানবিক বিভাগে ৪০ হাজার ৪৪ জন, বিজ্ঞানে ৬ হাজার ৪শ' ৭১ জন এবং বাণিজ্যে ৮ হাজার ৮শ' ৭২ জন পাস করতে পারেনি।